

যায়যায়দিন

জারি ১১শে জুন ২০০৯
পৃষ্ঠা ৮ ১০

৫ বছরের অধিক একই স্থলে থাকা শিক্ষকদের বদলির নির্দেশ

যায়যায় রিপোর্ট

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, রাজধানী ঢাকাসহ দেশের সরকারি মাধ্যমিক বিদ্যালয়গুলোতে পাঁচ বছরের অধিক সময় কর্মরত শিক্ষক-শিক্ষিকাদের বদলি করার জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরকে নির্দেশ দেয়া হয়েছে।
সোমবার সংসদে নেত্রকোনা-১ আসন থেকে নির্বাচিত সরকারদলীয় সদস্য মোশতাক আহমেদ রুহী এক লিখিত প্রশ্নে বদলি: পৃষ্ঠা ৪ কলাম ২

বদলি : শিক্ষকদের

(প্রথম পৃষ্ঠার পর)

ঢাকা শহরে সরকারি মাধ্যমিক বিদ্যালয়গুলোতে ১৫/১৬ বছর সময় ধরে কর্মরত শিক্ষক-শিক্ষিকাদের বদলির কোনো পরিকল্পনা সরকারের আছে কি না শিক্ষামন্ত্রীর কাছে জানতে চাইলে তিনি এ কথা বলেন।

অন্য এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, বর্তমানে দেশে প্রাথমিক বিদ্যালয়ের ২ হাজার ৬২১টি প্রধান শিক্ষকের পদ এবং ৭ হাজার ৩১৫টি সহকারী শিক্ষকের পদ খালি রয়েছে। ছয় মাসের মধ্যে এসব পূরণ করা হবে। অন্য এক প্রশ্নের উত্তরে তিনি জানান, মডার্নায়সে এখনই মূল শিক্ষা বোর্ডের আওতাধীন করার কোনো পরিকল্পনা সরকারের নেই।

এছাড়া পূর্বক এক প্রশ্নের জবাবে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী হুপিতি ইয়াফেস ওসমান সংসদকে জানান, দেশের প্রতিটি উপজেলায় অন্তত দুটি শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব প্রতিষ্ঠা করা হবে। ল্যাব স্থাপনের জন্য একটি কলেজ এবং একটি স্কুলকে নির্বাচন করা হবে। তবে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের জন্য সংশ্লিষ্ট নির্বাচনী

এলাকার এমপিনের পরামর্শ নেয়া হবে বলেও জানিয়েছেন তিনি। আগে সরকারি স্কুল ও কলেজকে নির্বাচন করা হতো। এখন থেকে এমপিনের পরামর্শ নেয়া হবে।

অন্য এক প্রশ্নের উত্তরে তিনি জানান, গাজীপুরের কানিয়াকের ভ্রতভার সঙ্গে হাইটেক পার্ক স্থাপনের পাশাপাশি দেশের অন্য পাঁচটি বিভাগীয় শহরে একটি করে আইটি ডিলেজ স্থাপন করা হবে। তিনি জানান, দেশের গ্রামাঞ্চলের অল্প শিক্ষিতদের জন্য মোবাইল ব্যবহারে উপযোগী করতে বাংলা সফটওয়্যারের মোবাইল প্রচলনের জন্য সরকার কাজ করছে।

দুই ডজন ছাত্রী হোস্টেলের 'বেগম ঝালেনা জিয়া' নাম বদলের প্রস্তাব দেশের দুই ডজন সরকারি কলেজের ছাত্রী হোস্টেল নাম 'বেগম ঝালেনা জিয়া' হোস্টেল রাখা প্রসঙ্গে নড়াইলের এস কে আবু বাকেরের এক প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ সংসদকে জানান, স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি চাইলে এ নাম পরিবর্তন করার সুযোগ আছে।